ইত্তেফাক

তারিখ 28/2/79

পৃষ্ঠা 3 কলাম 4

032

# ৮৩ সালের মধ্যে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করার সুপারিশ

এনা জানায়ঃ বর্তমানে চালু অবৈতনিক প্রাথমিক শিক্ষাকে ১৯৮৩ সালের মধ্যে পর্যায়ক্রমে বাধ্যতামূলক করার জন্য জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদ সুপারিশ করিয়াছে। গত ৮ই ফেব্রুয়ারী গৃহীত পরিষদের অন্তর্বর্তীকালীন শিক্ষানীতিতে এই সুপারিশ করা হয়। সুপারিশ অনুযায়ী চলতি সাল হইতে প্রথম শ্রেণী পর্যন্ত এবং ১৯৮০, ১৯৮১, ১৯৮২ এবং ১৯৮৩ সালের মধ্যে যথাক্রমে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম শ্রেণী পর্যন্ত বাধ্যতামূলকভাবে প্রাথমিক শিক্ষা চালু করা হইবে।

পরিষদের অপর এক সুপারিশে বলা হয়, কর্মসূচীকে সফল করার জন্য গ্রামে এক কক্ষবিশিষ্ট ৩০ হাজার নূতন প্রাথমিক স্কুল নির্মাণ করিতে হইবে। এসব স্কুলে প্রতি বৎসর নূতন ক্লাস সংযোজন করা হইবে। বর্তমানে চালু পূর্ণাঙ্গ প্রাথমিক স্কুলগুলির পাশাপাশি নূতন স্কুলগুলি চালু করা হইবে।